# সিডনিতে প্রাক্তন ক্যাডেটদের শোকসভার দাবী:
# স্বজন হত্যার বিচার চাই

গত ২৫ ফেব্রুয়ারী ঢাকার পিলখানায় বিডিআর সদর দপ্তরের নৃশংস হত্যাকাণ্ডে নিহত ২০ জন প্রাক্তন ক্যাডেটের স্মরণে সিডনিতে বসবাসরত সকল প্রাক্তন ক্যাডেটদের পক্ষ থেকে এক স্মরণ সভা ও মিলাদের আয়োজন করা হয়। সেখানে বইছিল অশ্রুর প্লাবন। এক সময়ে প্রাক সামরিক প্রশিক্ষণে অভ্যস্ত সিডনিতে বসবাসরত বিভিন্ন ক্যাডেট কলেজের প্রাক্তন ক্যাডেট ও উপস্থিত সকলের হাহাকারে বিষণ্য হয়ে উঠেছিল বালকাম হাইট্স এস্টেটের থম্পসন হল। স্বজন হারানোর শোকে মূহ্যমান




একএকজন বক্তার স্মৃতিচারণমূলক মর্মস্পর্শী বক্তব্যের সাথে সাথে ভারী হয়ে উঠছিল মিলনায়তনের বাতাস। শোকের পাশাপাশি ছিল ক্ষোভ, প্রতিবাদ আর সম্মিলিত কণ্ঠে স্বজন হত্যার বিচার দাবী। সেই সাথে পিলখানার নৃশংস ঘটনায় যারা তাদের স্বজন হারিয়েছেন তাদের প্রতি বারবার উচ্চারিত হচ্ছিল গভীর একাত্মতা। স্মরণ সভা থেকে অচিরেই পিলখানায় সংঘটিত নৃশংস হত্যাকাণ্ডের অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করা হয়। উল্লেখ্য, পিলখানায় নিহত ৫৬জন আর্মি অফিসারের মধ্যে ২০ জন বিভিন ড়ব ক্যাডেট কলেজের প্রাক্তন ক্যাডেট ছিলেন।

ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজের প্রাক্তন ক্যাডেট ফারহানা রিফাতের উপস্থাপনায় স্মরণসভায় বিভিন্ন ক্যাডেট কলেজের প্রাক্তন ক্যাডেটদের পক্ষ থেকে বক্তব্য রাখেন আরিফ আহমেদ, মাসুদ, সাইফুল হায়দার চৌধুরী, আবুল হাসনাৎ মিল্টন, তাজুল, হাসান শাহেদ শাফি, রফিকুল হাসান, ইমতিয়াজ কায়েস রিশা, জাহিদ হাসান লিটন, ফিরোজ মইনুল হক, মেজর (অবঃ) মেজবাউল ইসলাম, শান্তন ু চৌধুরী, প্রমখু । এছাড়া আরো বক্তব্য রাখেন নিহত মেজর হুমায়নু হায়দারের ফপু ু মিসেস নাজনীন হায়দার ও আত্মীয় জুলফিকার আলী এবং মেজর (অবঃ) শাহ আলম খন্দকার।

স্মরণসভা শেষে অনুষ্ঠিত মিলাদে পিলখানার ঘটনায় প্রাক্তন ক্যাডেট সহ নিহত সকলের আত্মার মাগফেরাত কামনা করা হয়। স্মরণসভা ও মিলাদ মাহফিলটি সফলভাবে আয়োজনে বিভিন্ন ক্যাডেট কলেজের পক্ষ থেকে নওশাদ শাহ, আসিফ হোসেন, রফিকুল হাসান, ফিরোজ আলি, শহীদ সরকার, শাহেদ জালাল, শাহাদাত সরকার হেলার, আতিক ফিরোজ, জামান মধৃা, ইসমাইল হাসান বাদল সহ ভুমিকা রাখেন সিডনিতে বসবাসরত আরো অনেক প্রাক্তন ক্যাডেট।